

প্ৰেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ০৭ জানুয়ারি ২০১৭ খ্রিঃ।

ব্যবসায়ীদের এনবিআর চেয়ারম্যান সং ব্যবসায়ী ও নতুন শিল্প প্রতিষ্ঠায় প্রণোদনা আর অসং ব্যবসায়ীদের বিরুদ্ধে ভবিষ্যতে কঠোর ব্যবস্থা নেবে এনবিআর

সং ব্যবসায়ীদের ব্যবসা ও নতুন নতুন শিল্প প্রতিষ্ঠার ক্ষেত্রে সব ধরনের প্রণোদনা, সুযোগ ও ছাড় দেয়া দেয়া হচ্ছে। ভবিষ্যতেও এ সুযোগ অব্যাহত থাকবে। একই সাথে যারা ব্যবসার সুযোগ নিয়ে রাজস্ব ফাঁকি দিচ্ছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার হুঁশিয়ারি দিয়েছেন সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো. নজিবুর রহমান। আজ ০৭ জানুয়ারি শনিবার গাজীপুর রাজেন্দ্রপুরে ব্র্যাক-সিডিএমএ ‘মিনিস্টার-মাইওয়ান এক্সপোর্ট প্রোমিনেন্ট অ্যান্ড বিজনেস কনফারেন্স’ এ তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এমএ মান্নান এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

দেশের সর্বত্র ব্যবসার পরিবেশ নিশ্চিত হচ্ছে, এনবিআর আর ব্যবসায়ীরা হাত ও হাত মোজার মতো একযোগে কাজ করছে উল্লেখ করে চেয়ারম্যান বলেন, বর্তমান সরকারের রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে প্রচুর রাজস্ব প্রয়োজন। ব্যবসার পরিবেশ নিশ্চিত করতে পারলে রাজস্ব বাড়বে, রাজস্ব বাড়লে দেশের উন্নয়ন হবে। সরকারের ভিশন বাস্তবায়ন হবে। ব্যবসায়ীদের বিশেষ করে সং ব্যবসায়ীদের সব ধরনের সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে যাচ্ছে এনবিআর। আর যারা ব্যবসার নামে রাজস্ব সুবিধা নিয়ে এর অপব্যবহার করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া শুরু করেছে এনবিআর। ব্যবসায়ীদের রাজস্ব ছাড়ের পাশাপাশি নতুন নতুন কারখানা গড়ে তোলার জন্যও রাজস্ব ছাড় দেয়া হচ্ছে। ভবিষ্যতেও রাজস্ব ছাড় দেয়া হবে।

তিনি আরো বলেন, ব্যবসায়ীদের সাথে দৃঢ় পার্টনারশিপের অংশ হিসেবে এনবিআরের সামনে ফুল ও ফলে আচ্ছাদিত ‘পার্টনারশিপ গার্ডেন’ স্থাপন করা হয়েছে। এর মাধ্যমে আমরা বার্তা দিচ্ছি সঠিক ও নিয়মমাফিক রাজস্ব প্রদান করলে ফুলের শুভেচ্ছা আর ফলের সম্ভাষণ। আর বাগানে স্থাপন করা হয়েছে রয়েল বেঙ্গল টাইগারের ভাস্কর্য। এ বাঘ বার্তা দেয়, রাজস্ব ফাঁকি দিলে, দেশের ক্ষতি করলে এনবিআর বাঘের রূপ ধারণ করবে। ২১ ডিসেম্বর থেকে ২০ জানুয়ারি পর্যন্ত ‘এনফোর্সমেন্ট মাস’ ঘোষণা করা হয়েছে। অসং ব্যবসায়ী, রাজস্ব ফাঁকিবাজদের খুঁজে বের করতে এ মাসে কাজ করছে এনবিআর। ইতোমধ্যে এর ফলাফল আসা শুরু হয়েছে। ভবিষ্যতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

বর্গিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো ।

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া ।

(সৈয়দ এ. মু'মেন)
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড